# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

**Editor :** S. SAM SELVA RAJ | **16 Languages** | **Associate Editor : Rev. Dr.** ANJAN KUMAR SINGH

**Vol. XXV** MAY 2023 **No.** 03


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীত ৩২:১-৮

১। ধন্য সেই ব্যক্তি যার অপরাধ ক্ষমা করা হয়েছে, যার পাপ আচ্ছাদিত হয়েছে।

২। ধন্য সেই ব্যক্তি যার পাপ সদাপ্রভু তার বিরুদ্ধে গণ্য করেন না এবং যার অন্তর ছলনাবিহীন।

৩। যখন আমি চুপ করেছিলাম, আমার হাড়গোড় ক্ষয় হয়েছিল এবং সারাদিন আমি আর্তনাদ করেছিলাম।

৪। কারণ দিনে এবং রাতে তোমার শাসনের হাত আমার উপর দুর্বহ ছিল; যেমন গ্রীষ্মের উত্তাপে জল শুকিয়ে যায় তেমনই আমার শক্তি নিঃশেষ হয়েছিল।

৫। তখন আমি তোমার কাছে আমার পাপ স্বীকার করলাম, আর আমার কোনও অপরাধ আমি গোপন করলাম না। আমি বললাম, "সদাপ্রভুর কাছে আমার সকল অপরাধ আমি স্বীকার করব।" আর তুমি আমার সকল দোষ ক্ষমা করলে।

৬। তাই সময় থাকতে সকল বিশ্বস্ত লোকেরা তোমার কাছে প্রার্থনা করুক; তারা যেন বিচারের বন্যার জলে ডুবে না যায়।

৭। তুমি আমার আশ্রয়স্থল; তুমি আমাকে বিপদ থেকে সুরক্ষিত করবে এবং মুক্তির গানে আমাকে চতুর্দিকে ঘিরে রাখবে।

৮। সদাপ্রভু বলেন, "আমি তোমাকে উপদেশ দেব এবং উপযুক্ত পথে চলতে তোমাকে শিক্ষা দেবো; তোমার উপর প্রেমময় দৃষ্টি রেখে আমি তোমাকে পরামর্শ দেবো।

# খুব ভোরবেলায়

## AT THE BREAK OF DAWN!

(সিস্টার অ্যাঞ্জেলীন সেলভাকুমারী)



প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের নামে শুভেচ্ছা জানাই। তাঁর আহ্বানের প্রতিধবনি পত্রিকার মাধ্যমে আপনাদের সঙ্গে মিলিত হওয়ার বিষয়টি অত্যন্ত আনন্দের। তাঁর বিশ্বস্ততা মহৎ যিনি আমাদের এতদূর পরিচালিত করে নিয়ে এসেছেন এবং আমাদের এই অভিযানে তিনি আমাদের অবিরত বহন করবেন!

**"ঈশ্বর সে নগরীর মধ্যে আছেন, তার পতন হবে না; দিনের শুরুতেই ঈশ্বর তাকে সাহায্য করবেন।"** (গীত ৪৬: ৫)।

এটি একটি সুন্দর প্রতিজ্ঞা। যাইহোক, যে পরিস্থিতিতে এই প্রতিজ্ঞাটি প্রদত্ত হয়েছে সেটি তাৎপর্যপূর্ণ। এখন আমরা গীত ৪৬:২ পদটি দেখবো। এখানে বলা হয়েছে,

১। পৃথিবী কম্পিত হয়

২। সমুদ্রের বুকে পর্বতসকল পতিত হয়

৩। সমুদ্র গর্জন করে ও প্রচণ্ড হয়

৪। পর্বতসকল কেঁপে ওঠে।

(ক্রমশঃ, ৩ পাতার পর)


তাঁর আহ্বানের প্রতিধ্বনি

## ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!



আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরাজী এবং হিন্দি

প্রত্যেক দিন ভোর ৪টে

৫ মিনিটের বাণী!!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)

REACHING NATIONS

## *from your dearly beloved brother...*





### আমাদের মিশনের নীতি

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**CHIEF EDITOR**
Angeline Selvakumari Henry, M.A., M.Ed.

**MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**ADMINISTRATION**
Bro. N. Prakasam, M.A., General Manager

**EDITORIAL BOARD**
Sis. Jesy Veena Sam
Sis. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Dr. A. Richard Samuel, M.A., Ph.D.
Rev. Dr. K.R. Rajasekaran

**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 95661 31858

**CORE LEADERS**
Bro. K. Puratchivendan
Dr. Rabinder Boaz, M.S.
Bro. A. Edward Durai
Bro. A. Alvin
Bro. K. Abraham
Sis. Dhanalakshmi Chinnaiah

**E.mail ID**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**
Echo of His Call


**"...সদাপ্রভুর অবিচল প্রেম সেই ব্যক্তিকে ঘিরে রাখে যে তাঁর উপর নির্ভর করে।"** গীতসংহিতা ৩২:১০

প্রভুতে প্রিয় ভাই এবং বোনেরা,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশুর মধুর নামে আপনাদের সকলকে শুভেচ্ছা জানাই।

আমাদের পরিচর্যার সমস্ত দিকে প্রভু যীশু খ্রীষ্ট আমাদের প্রতি মঙ্গলময় থেকেছেন। সুতরাং আসুন আমরা স্থানীয় মণ্ডলীগুলোর সঙ্গে যুক্ত হয়ে কিছু সুসমাচার প্রচারের কাজ করার জন্য এই দিনগুলিকে ব্যবহার করি। আর ঈশ্বরের রাজ্য বিস্তার করি।

আমরা যখন এই জগতের দিকে দৃষ্টিপাত করি তখন আমরা যুবক যুবতীদের চার্চ এবং পরিচর্যার কার্যকলাপ থেকে বিরত থাকার দ্বারা ঈশ্বরের কাছ থেকে দূরে চলে যেতে দেখি। এটা সারা পৃথিবীতে ঘটছে। এই বিষয়ে বাবা মা এবং মণ্ডলীর প্রশাসন বেশী কিছু করতে অক্ষম।

সুতরাং, এই সুযোগ ব্যবহার করার দ্বারা, জাগতিক লোকেরা, রাজনৈতিকবিদরা এবং যারা অস্বাস্থ্যকর মতবাদগুলি প্রচার করে সেই তথাকথিত ঈশ্বরের দাসেরা এই যুবগোষ্ঠীদের ধরে রাখে এবং প্রশিক্ষণ দেয় এবং এই জগতে তারা তাদের ভ্রান্তভাবে প্রস্তুত করে। চার্চগুলিতে অল্প বয়েসী বালক বালিকাদের উপস্থিতি ক্রমাগত কমে যাচ্ছে। এটি খুবই যন্ত্রণাকর। পরিবারের বরিষ্ঠ সদস্যরা তাদেরকে ঈশ্বরের স্বর্গীয় ছায়ার অধীনে রাখার চেষ্টা করলেও, তারা ঈশ্বরের সমস্ত পথকে উপেক্ষা করার দ্বারা তাদের নিজেদের খুশী মতো কাজ করতে চায়।

সেই কারণে সমস্ত পৃথিবীর খ্রীষ্টিয় বাবা মায়েদের কাছে এবং নেতাদের কাছে তাদের শিশুদের এবং তরুণ তরুণীদের মধ্যে উদ্দীপনা পাঠানোর বিষয়ে প্রার্থনা করার জন্য এবং প্রভুর উপর চাপ দেওয়ার জন্য এটাই উপযুক্ত সময়। একই ভারসহ ঈশ্বরের লোকদের নিয়ে আমরা একটা ছোট দল তৈরী করেছি যারা তাদের জন্য প্রার্থনা করছেন। আপনি শিশু এবং ইয়ুথ ছেলে মেয়েদের নাম পাঠিয়ে আমাদের সাহায্য করতে পারেন, যাতে আমরা তাদেরকে অনুগ্রহ সিংহাসনের সামনে তুলে ধরতে পারি। এর জন্য আপনাদের কোনও টাকা পাঠাতে হবে না। পরিবর্তে আপনিও আমাদের সঙ্গে একচিত্তে প্রার্থনা করতে পারেন এবং যুবক যুবতী এবং শিশুদের তত্ত্বাবধানের উদ্দেশে বিশ্ব দর্শনের জন্য একচিত্তে প্রার্থনা করতে পারেন। এই বিষয়ে আমরা আপনাদের দৃষ্টিভঙ্গি একান্তভাবে কামনা করি।

শুরু করার জন্য, আমরা দেশের সমস্ত শিশু এবং যুবক যুবতীদের জন্য প্রার্থনা করার জন্য রাত্রি ১০টার সময় নির্ধারিত করেছি। আপনি আপনার দেশের সময় অনুসারে রাত্রি ১০টার সময় প্রার্থনা করতে পারেন।

আমরা জানি ঈশ্বরের লোকেরা যখন কোনও একটি বিষয় একসঙ্গে একচিত্তে প্রার্থনা করে,তখন স্বর্গীয় পিতা উত্তর দেন। আপনি যখন এই ধরণের শিশুদের বা ইয়ূথদের ভালো ভালো সাক্ষ্য লাভ করবেন তখন অনুগ্রহ করে আমাদের জানাবেন। আমরা উপযুক্ত সাক্ষ্যগুলি প্রকাশ করার চেষ্টা করবো।

আমরা আপনার জন্য প্রার্থনা করছি। আমরা যে কোনও উপায়ে জগতের সমস্ত দেশে গৌরবময় সুসমাচার ছড়িয়ে দেবার জন্য আন্তরিকভাবে চেষ্টা করছি। অনুগ্রহ করে প্রার্থনায় আমাদের সঙ্গে হাত মিলান। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

যীশু খ্রীষ্টে আপনাদের ভাই,

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেকস স্যামসন স্যাম।**

(+91) 98412 71858 / 98410 71858, E.mail : samselvaraj333@gmail.com

**Our Ministries:** ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ✿ BIBLECOR - Postal Courses (3 languages) ✿ Media Ministry ✿ Online Courses ✿ Theological Correspondence Courses (2 languages) ✿ Church Planting ✿ Nehemiah Bible Colleges ✿ Gospel Printing Press ✿ Great Commission Partners ✿ St. Paul's Matriculation School ✿ Crusades ✿ Community Development

(ক্রমশঃ ১ম পৃষ্ঠার পর থেকে)

এইভাবে, যখন সমস্ত কিছু আন্দোলিত হচ্ছিল, কম্পিত হচ্ছিল, এবং অস্থির হচ্ছিল তখন বাইবেল বলছে, ঈশ্বর এই সমস্ত কিছুর মধ্যে বিদ্যমান ছিলেন! এমনকী আমাদের চারিদিকের সমস্ত কিছু যখন আন্দোলিত হবে, তখন আমরা আন্দোলিত হবো না। ঈশ্বর সমস্ত আন্দোলন,কম্পন, এবং ঝড়ের মধ্যে আছেন। দিনের শুরুতে তিনি আমাদের সাহায্য করবেন! কারণ ঈশ্বর মঙ্গলময়! তিনি যা কিছু করেন তা মঙ্গলের জন্য করেন! তিনি অসম্ভবের ঈশ্বর।

যে সমস্ত বিষয়গুলিতে আপনি সংগ্রাম করছেন, লড়াই করছেন,যে সমস্ত প্রার্থনার উত্তর আপনি এখনও পাননি, যে সমস্ত পরিস্থিতিগুলো আপনাকে সীমাবদ্ধ করে রেখেছে সেই সমস্ত বিষয়গুলি যীশুর নামে ভগ্ন হবে কারণ **দিনের শুরুতে তিনি আমাদের সাহায্য করবেন** (গীত ৪৬:৫)।

**ক। দিনের শুরু কথাটির তাৎপর্য কী?**

**১। দিনের শুরু হচ্ছে একটি নতুন সময়ের সূচনা**

ইহুদী ক্যালেণ্ডার অনুসারে ৯ ঘটিকা থেকে ১০ ঘটিকা পর্যন্ত চারিদিক অন্ধকারে ঢেকে যায় তার পরে দিনের শুরু বা ভোর হয়। এটা প্রায় ১২টা থেকে সকাল তিনটের মধ্যে; এটি অন্ধকারকে আঘাত করে এবং আলো ফুটে ওঠে। এটি অন্ধকারকে দূরীভূত করে এবং একটি নতুন দিন এবং একটি নতুন মরশুম শুরু হয়। আমাদের কেন ঝড়, কম্পন, এবং অস্থিরতার মধ্যে দিয়ে যাওয়া প্রয়োজন?

**২। দিনের শুরু হচ্ছে একটি নতুন উত্তরণের সময়।**

ভোরবেলা হচ্ছে রাত এবং দিনের মধ্যে উত্তরণের একটি সময়। এটি একটি মরশুম থেকে আরেকটি মরশুমে যাওয়ার সময়। এই উত্তরণ হচ্ছে একটি অনিশ্চয়তার সময়, যেখানে পরবর্তী পদক্ষেপ গ্রহণের বিষয়টি অনিশ্চিত হয়। একজন ব্যক্তিকে কি যেকোনও একটি পথে যাওয়ার বিষয় বেছে নেওয়া উচিত? এটি একটি বিশৃঙ্খলা এবং বিভ্রান্তির সময়। একজন ব্যক্তিকে সিদ্ধান্ত গ্রহণের বিষয় সংগ্রাম করতে হয়। এটি একটি ভয়েরও প্রতীক-কী ঘটছে এবং কী ঘটবে সেই বিষয়ে ভয়। আপনি জানেন, এই ভাবেই জগৎ এবং দিয়াবল এই উত্তরণের সময়টিকে আপনাকে দেখাতে পছন্দ করে-একটি বিশৃঙ্খলা, বিভ্রান্তি, মোকাবিলা, এবং অনিশ্চয়তার সময় হিসাবে। যাইহোক, ঈশ্বর আমাদের এই সমসয়টিকে একটি বিরতির সময় হিসাবে দেখাতে চান। একটি নতুল দিশার শব্দ হিসাবে দেখুন...এটি হচ্ছে কোনও একটি বিষয় গ্রহণ করার জন্য শ্বাসপ্রশ্বাস গ্রহণের বিরতির সময়, যেখানে আপনাকে কিছুক্ষণ থামতে হবে এবং সেই বিষয়ে চিন্তা করতে হবে।

মণ্ডলীগতভাবে, পরিবারগত ভাবে, এবং ব্যক্তিগতভাবে, আমরা যখন পরবর্তী স্তরে পৌঁছাই তখন আমরা এটিকে একটি বৃদ্ধি, পরিপক্কতা, একটি উত্তরণের সময় হিসাবে দেখতে পাই। অন্ধকার দূরীভূত হওয়া হচ্ছে ভোরের বা দিনের শুরু হওয়া।

**৩। দিনের শুরু হচ্ছে একটি আত্মিক যুদ্ধের সময়**

নতুন দিশা লাভ করা সহজ নয়। এটি হচ্ছে ভাঙ্গা এবং বেরিয়ে আসা। এটি একটি যুদ্ধ,এটি একটি সংগ্রাম! আপনি অন্ধকারকে ভাঙ্গছেন। এটি সাবলীলভাবে হয় না এবং আলো আনা যায় না। ঈশ্বর আমাদের নতুন দিশার উপযুক্ত সময়ের মধ্য আহ্বান করছেন। ঈশ্বর আমাদের শিশুদের জন্য, আমাদের পরিবারের জন্য,আমাদের চার্চের জন্য, আমাদের পরিবারের জন্য, আমাদের দেশের জন্য,আমাদের পৃথিবীর জন্য একটি নতুন দিশা আনার জন্য আমাদের রেখেছেন! আমেন!!! এটি আত্মিক নতুন দিশার একটি উপযুক্ত সময়!!!

## ইয়ুথ এবং শিশুদের পরিষেবার জন্য বিশ্বদর্শন

### GLOBAL VISION FOR YOUTH & KID CARE

যুব প্রজন্মের কল্যাণের জন্য এবং শিশুদের এবং এই প্রজন্মের সমস্ত দেশের তরুণ তরুণীদের প্রতি বিশেষ মনোযোগ দানের জন্য ঈশ্বর আমাদের বিশেষ ভার দিয়েছেন, যাতে আমরা তাদের জন্য প্রার্থনা করি, শিক্ষা দিই এবং ঈশ্বরের রাজ্যের জন্য তাদের প্রস্তুত করি।



আমরা একই ভারসহ বিশ্বব্যাপী ঈশ্বরের লোকদের একটি ছোট দল তৈরী করেছি এবং রাত ১০টার সময় প্রতিদিন একচিত্তে তাদের জন্য প্রার্থনা করতে শুরু করেছি। (আপনার দেশের স্থানীয় সময় হিসাবে)। আমাদের সঙ্গে যোগদান করার জন্য আমরা আপনাদেরও স্বাগত জানাচ্ছি। অনুগ্রহ করে আপনাদের ইচ্ছা আমাদের অবগত করুন। আমরা আপনাকে উত্তর দেব।

এছাড়াও, আপনি যদি আপনার সন্তান সন্ততি এবং নাতি নাতনীদের আত্মিক কল্যাণের বিষয় চিন্তিত হন, এবং তাদের যদি কোনও কিছু প্রয়োজন থাকে, তাহলে তাদের বয়েস সহ তাদের নামগুলো আমাদের কাছে পাঠিয়ে দিতে পারেন। আপনার বয়েস যদি ৩৫ বছরের কম হয়, তাহলে আপনিও সরাসরি আপনার নাম নথিভুক্ত করতে পারেন। এর জন্য অনুগ্রহ করে টাকা পাঠাবেন না। ঈশ্বর আপনাকে আশীর্ব্বাদ করবেন।

আমাদের সঙ্গে যোগাযোগের বিস্তারিত বিবরণ:

**GLOBAL VISION FOR YOUTH & KID CARE**
**Echo of His Call**
Mobile & WhatsApp No : +91- 98412 71858 &
+91- 98410 71858
E.mail ID : sam@echoofhiscall.org

আমরা সেই অন্ধকার এবং অসম্ভব বিষয়গুলিকে দেখবো যা শেষ নয় কিন্তু যা আমাদের নতুন দিশার উপায়। এলিয় শারীরিকভাবে, মানসিকভাবে, আত্মিকভাবে, এবং আবেগসংক্রান্তভাবে ক্লান্ত এবং অবসন্ন হয়েছিলেন। তাঁর পক্ষে বেঁচে থাকা অসম্ভব ছিল। এটি তাঁর জীবনে একটি অন্ধকারতম সময় ছিল। বালদেবের যাজকদের বিরুদ্ধে তাঁর উদ্দিপনা পরিচর্যার অনতিবিলম্বেই, তিনি শুনেছিলেন যে তাঁকে হত্যা করা হবে। তিনি তাঁর জীবনের জন্য ভীষণ ভীত হয়েছিলেন, যার ফলে তিনি সরাসরি চিন্তা করতে পারছিলেন। তিনি বলেছিলেন **"...আমার জীবন নিয়ে নাও; আমার পূর্বপুরুষদের চেয়ে আমি কোনোমতেই ভালো নই!"** (১ রাজা ১৯:৪)।

তিনি অনুভব করেছিলেন সমস্ত কিছু শেষ হয়ে গেছে এবং চারিদিকে অন্ধকার ছেয়ে আছে, তিনি খুব অল্পই একটি উত্তরণের সময়ের বিষয় উপলব্ধি করেছিলেন। ইতিমধ্যে! তিনি অন্ধকার দেখেছিলেন, ভোর দেখেননি। ঈশ্বর তাঁকে অন্ধকার ভগ্ন করার দায়িত্ব দিয়েছিলেন। এই বছর ঈশ্বর আমাদের কয়েক জনকে নতুন দিশার সময়ের মধ্যে রেখেছেন যাতে আমরা অন্ধকারকে ভগ্ন করতে পারি এবং আলো আনতে পারি। চিৎকার করে আমেন বলুন!!!

**"বন্দিদশা থেকে ফিরে আসবার জন্য যিনি পথ খুলে দেবেন তিনি তাদের আগে আগে যাবেন; তারা দ্বার ভেঙে বের হয়ে আসবে...।"** (মীখা ২:১৩)। আমেন।

যা কিছু আপনাকে ধরে রেখেছে, যা কিছু আপনাকে অন্ধকারে আটকে রেখেছে, যা কিছু তোমাকে চূর্ণবিচূর্ণ করে, সীমাবদ্ধ করে, ঈশ্বর যীশুর নামে আপনাকে ঐ সমস্ত বিষয় থেকে বের করে আনবেন, "আপনি এর থেকে বের হয়ে আসবেন";কারণ তিনি আপনার সম্মুখে গমন করছেন। প্রধান প্রভু হিসাবে, রাজা আগে যাবেন। কে এই গৌরবের রাজা? (গীত ২৪:৭-৯)। বিখ্যাত গীতে যেমন বলা হয়েছে,

*"আমি জানি আমার আগে কে যায়,*

*আমি জানি আমার পশ্চাতে কে যায়।*

*ঈশ্বরের স্বর্গদূত বাহিনী আমার পাশে থাকে...আমার বিপক্ষে কোনও কিছু দাঁড়াবে না...।"*

আমি ভয় করবো না, কারণ সদাপ্রভু আমার সহবর্তী।

আগে যেমন উল্লেখ করা হয়েছিল যে নতুন দিশা হচ্ছে অন্ধকার ভাঙা এবং আলোর মধ্যে আসা। এ বছর ঈশ্বর আমাদের অন্ধকার থেকে আলোর দিশা দেবেন যাতে আমরা বিজয়ীভাবে আলোর মধ্যে প্রবেশ করতে পারি।

## খ। কীসের থেকে নতুন দিশা?

**অন্ধকার কীসের প্রতীক?**

### (ক) মন্দের আধিপত্য

অন্ধকার হচ্ছে যা কিছু নারকীয়। এটি দিয়াবলের প্রতীক, যাকে অন্ধকারের জগৎপতি নামে অভিহিত করা হয়। অন্ধকার হচ্ছে আধিপত্য। কলসীয় ১:১৩ পদে বলা হয়েছে, **"কারণ অন্ধকারের কর্তৃত্ব থেকে তিনি আমাদের উদ্ধার করে তাঁর পুত্রের রাজ্যে নিয়ে এসেছেন, যাঁকে তিনি ভালোবাসেন।"** আধিপত্য হচ্ছে কর্তৃত্বকারী কিছু বিষয়। আমাদের মধ্যে কয়েক জন অনুভব করে যে আমাদের জীবনে এমন একজন আছে যার কথাই শেষ কথা অথবা যে শেষ বোতামটা টিপে দেয় এবং এর উপর আমাদের আর কিছু বলার থাকে না। নতুন দিশা হচ্ছে অন্ধকারের এই কর্তৃত্বকে ভেঙে দেওয়া।

অন্ধকারের আরও অর্থ হতে পারে, যা কিছু পাপপূর্ণ; যা আধিপত্য করে, যা পীড়ন করে, যা আমাদের উপর নিয়ন্ত্রণ গ্রহণ করে। হতে পারে আপনি একটি অভ্যাসের সঙ্গে সংগ্রাম করছেন যা আপনাকে ধরে রেখেছে এবং আপনি এর থেকে বেরিয়ে আসতে চান, কিন্তু আপনি বেরিয়ে আসতে পারছেন না। আপনি কি জানেন এমনকী তথাকথিত পরিপক্ক খ্রীষ্ট বিশ্বাসীরাও পাপের খপ্পর থেকে বেরিয়ে আসার জন্য সংগ্রাম করছেন? প্রযুক্তির এই বিকাশে, প্রত্যেকে তাদের হাতের তালুর মধ্যে ইন্টারনেটে প্রবেশ করেছে। কী অনুমান করুন? এটি পাপের অসংখ্য দরজা খুলে দিয়েছে, যা আমরা এমনকী কল্পনাও করতে পারি না। সামাজিক প্রচারমাধ্যমের আসক্তি, টিকটক, ইউটিউব ট্রেলারগুলি, পর্ণগ্রাফি, নির্বিশেষে সমস্ত বয়েসের লোকেরা কত সময় নষ্ট করে চলেছে। সব থেকে দুঃখজনক বিষয় হচ্ছে এমনকী শিশুরাও পর্ণগ্রাফিতে আসক্ত হয়ে যাচ্ছে কারণ এই সমস্ত যন্ত্রগুলো তাদের হাতের মুঠোর মধ্যে এসে যাচ্ছে।

অন্ধকারের জগৎপতি আমাদের সময়, আমাদের চিন্তাভাবনা এবং মন্দ বিষয়গুলি দ্বারা আমাদের আবেগগুলির সম্পূর্ণ নিয়ন্ত্রণ গ্রহণ করেছে। আমরা বুঝতেই পারছি না কীভাবে আমাদের শান্তি বিনষ্ট হচ্ছে,

(ক্রমশঃ ৬ পৃষ্ঠায়)

नहेम्याह बाइबल कॉलेज
रेसिडेन्शल कॉलेज, चेन्नई।
ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE REACHING NATIONS
माध्यमः हिन्दी
Regd. Candidate for Membership ATA NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI ECHO OF HIS CALL Estd. 1969
सदस्यता के लिए पंजीकृत उम्मीदवार - ATA
सुविख्यात अंतर्राष्ट्रीय मसीही अगुवे तथा पिछले 53 वर्षों से सेवारत वरिष्ठ पासवान
सर्टिफिकेट इन थियोलॉजी – 1 साल
योग्यता 10 वी या अधिक
जल्दी करें!
Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
✶ ऑनलाइन कक्षाएं उपलब्ध हैं ✶

# মহান আদেশ অংশীদারগণ

**ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)**

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে মে থেকে ১৮ই জুন, ২০২৩)

**(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**



## প্রশংসার বিষয়সমূহ

**মে ১৯ :** আমাদের প্রিন্টিং প্রেসের জন্য এবং এখান থেকে ১৬টি ভাষায় প্রকাশনা এবং মিশনক্ষেত্রগুলিতে প্রেরণের বিষয়গুলিকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২০:** আমাদের পরিচর্যা সংক্রান্ত অভিযানগুলিকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২১:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখা মণ্ডলীগুলির সমস্ত সদস্যদের আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২২:** আমাদের বরিষ্ঠ পালক এস.স্যাম সেলভা রাজকে এবং তাঁর পরিবারকে সমস্ত মন্দ শক্তির হাত থেকে সুরক্ষিত করার জন্য।

**দিন ২৩:** আমাদের বাইবেলকোর (ডাকমারফত বাইবেল পাঠক্রম) এবং ডাকযোগে ঈশতাত্ত্বিক পাঠক্রমকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৪: সেন্টপলস ম্যাট্রিকুলেশন স্কুলে** নতুন প্রিন্সিপাল দানের জন্য।

**দিন ২৫:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখামণ্ডলীগুলির রবিবাসরীয় উপাসনাগুলির জন্য।

**দিন ২৬:** নহিমিয় বাইবেল কলেজে নতুন শিক্ষক দানের জন্য।

**দিন ২৭:** বিভিন্ন দেশগুলিকে অশান্তি এবং যুদ্ধের ভয়ের মধ্যে স্বর্গীয় সুরক্ষা দানের জন্য।

**দিন ২৮:** আমাদের কর্মীদের পরিবারগুলির উপর তাঁর আশীর্ব্বাদ বর্ষণের জন্য।

**দিন ২৯:** রাজনৈতিক এবং ধর্মীয় বিরোধীতার মধ্যেও আমাদের খ্রীষ্টিয় পরিচর্যাগুলি সমৃদ্ধি লাভ করছে।

**দিন ৩০:** মিশন কর্মীদের মহান অঙ্গীকারবদ্ধতার জন্য।

**দিন ৩১:** সমাজের প্রত্যেকটি স্তরে মহিলাদের উন্নতিসাধনের জন্য।

**জুন ০১:** আমাদের আবাসিক এবং সান্ধ্য বাইবেল কলেজগুলিতে নতুন শিক্ষার্থীদের দানের জন্য।

**দিন ০২:** আমাদের গসপেল প্রিন্টিং প্রেস এবং দক্ষ কর্মীদের দ্বারা এর অবিরত কাজ চালিয়ে যাওয়ার জন্য।

**দিন ০৩:** আমাদের ৫ মিনিটে ইউটিউব বাণীর সাবস্ক্রাইবার এবং সাক্ষ্য বৃদ্ধির জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের ঈশ্বর যেন দয়া করেন।

**দিন ৫:** আমাদের সমস্ত কর্মীদের এবং তাদের পরিবারের সদস্যদের সুস্বাস্থ্যের জন্য।

**দিন ৬:** সমস্ত বিষয়ে এবং সমস্ত পরিকল্পনার মধ্যে সমস্ত দেশের মধ্যে যেন ঐক্য এবং অগ্রগতি বজায় থাকে।

**দিন ৭:** সমস্ত খ্রীষ্টিয় সংস্থাগুলির উপর যেন তাঁর আশীর্ব্বাদ এবং সুরক্ষা বজায় থাকে।

**দিন ৮:** সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে পৌঁছাতে আমাদের সক্ষম করার জন্য।

**দিন ৯:** এই পৃথিবীতে তাঁর রাজ্য গড়ে তোলার জন্য আমাদের যেন আরও অধিক দর্শন প্রদত্ত হয়।

**দিন ১০:** ভাইরাস ঘটিত জ্বর এবং বিভিন্ন সংক্রামক ব্যধিগুলি থেকে সুরক্ষার জন্য।

**দিন ১১:** পৃথিবীর যুবক যুবতী এবং শিশুরা যেন যীশু খ্রীষ্টকে তাদের ব্যক্তিগত ত্রাণকর্তারূপে গ্রহণ করতে পারে।

**দিন ১২:** আমাদের বরিষ্ঠ পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সদস্যদের সুস্বাস্থ্য এবং সুরক্ষার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৩:** সম্ভাব্য সমস্ত দিক থেকে আমাদের পরিচর্যাগুলি যেন বিস্তার লাভ করে।

**দিন ১৪:** ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে আবাসিক এবং সান্ধ্য **নহিমিয় বাইবেল কলেজে** যোগ্য শিক্ষার্থীদের ভর্তির জন্য।

**দিন ১৫:** পৃথিবীর সমস্ত প্রেসিডেন্ট, প্রধানমন্ত্রী এবং সমস্ত সরকারী কর্তৃপক্ষের জন্য প্রার্থনা করুন।

**দিন১৬:** ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে আমাদের **সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে** নতুন শিক্ষার্থীদের ভর্তির জন্য প্রার্থনা করুন।

**দিন ১৭:** প্রার্থনা এবং আর্থিক সাহায্যের মাধ্যমে আমাদের যে সমর্থকরা, সুচিন্তাকারীরা আমাদের পরিচর্যাগুলিকে তুলে ধরে রেখেছেন তাদের জন্য প্রার্থনা করুন।

**দিন ১৮:** আমাদের সমস্ত সহযোগী সম্পাদক এবং তাদের পরিবারগুলির জন্য প্রার্থনা করুন।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

আমাদের পারিবারিক সম্পর্কগুলো বিঘ্নিত হচ্ছে, ঈশ্বরের সঙ্গে আমাদের সম্পর্ক শেষ হয়ে যাচ্ছে, এবং সর্বোপরি আমাদের হৃদয়, মন এবং আত্মা ভ্রষ্ট হয়ে যাচ্ছে। সব থেকে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে এটি আমাদের পরবর্তী প্রজন্মকে প্রভাবিত করছে। আমাদের প্রত্যেকটি কার্যকলাপ আমাদের সন্তানদের প্রভাবিত করে।

যে সমস্ত বিষয়গুলি আমাদের জীবনকে, আমাদের পরিবারগুলিকে, আমাদের মণ্ডলীগুলিকে, আমাদের পরিচর্যাগুলিকে অথবা ঈশ্বরের সঙ্গে আমাদের চলার পথে আধিপত্য বিস্তার করছে সেই সমস্ত বিষয়গুলিকে ভেঙে দিতে ঈশ্বর আমাদের সক্ষম করুন।

## (খ) অজ্ঞতা

ইফিষীয় ৪:১৮ পদে বলা হয়েছে, "তাদের বুদ্ধি হয়েছে তমসাচ্ছন্ন এবং ঐশ্বরিক-জীবন থেকে তারা হয়েছে বিচ্ছিন্ন। তাদের কঠিন হৃদয়ের অজ্ঞতাই তার কারণ।"

অজ্ঞতা হচ্ছে মানসিকভাবে অজ্ঞ হওয়ার জন্য ঈশ্বরের রাজ্যের একটি অসুবিধা। দিয়াবল চায় আমরা যেন অজ্ঞ হই। সে প্রতারক। শয়তান অজ্ঞানতার উপর প্রতিষ্ঠা লাভ করে। আমি জানি না বলবেন না। ২ করিন্থীয় ৪:৪পদে বলা হয়েছে, **"এই যুগের দেবতা অবিশ্বাসীদের মন অন্ধ করেছে, যেন তারা খ্রীষ্টের মহিমার যে সুসমাচার, তার আলো দেখতে না পায়। সেই খ্রীষ্টই হলেন ঈশ্বরের প্রতিমূর্তিস্বরূপ।**

***"মন অন্ধ করেছে"*** বিষয়টি আমরা কয়েক সময় বাইবেলে পাঠ করে থাকি কিন্তু প্রকৃতরূপে আমরা এট বুঝতে পারি না। কয়েক জন যারা নিজেদের "উত্তম খ্রীষ্টান" বলে অভিহিত করেন তারাও এখনও এর গভীরতা উপলব্ধি করতে পারেনি। কেন অন্ধকার বিরাজ করে? ঈশ্বরের বাক্য পাঠ করুন। আপনার এই অজ্ঞতা থেকে নতুন দিশা দেখানোর জন্য ঈশ্বরের কাছে যাজ্ঞা করুন। "তোমাদের কারও যদি প্রজ্ঞার অভাব থাকে, সে ঈশ্বরের কাছে চাইবে, যিনি কোনও ত্রুটি না ধরে উদারভাবে সকলকে দান করে থাকেন, আর তাকে তা দেওয়া হবে" (যাকোব ১:৫)। আবার প্রযুক্তি আমাদের হাতে বাইবেল দিয়েছেন, সমস্ত সময়, বিভিন্ন ভাষায়, এবং বিভিন্ন হরফে আমরা বাইবেলের বিভিন্ন সংস্করণ আমাদের হাতের মধ্যে পেয়ে যাই, এই বিষয়ে আমি খুবই সুখী কিন্তু একই সময়, আমরা আরও অধিকভাবে অনলাইন বাইবেলের উপর আস্থা রাখতে শুরু করেছি। আমাদের হাতে এটি থাকলেও, আমাদের হৃদয়ে এবং মনের মধ্যে এটি থাকে না।

অতীতে, লোকেরা তাদের বাইবেলগুলি অনুসন্ধান করে বাইবেল সংক্রান্ত উল্লেখগুলি বলতে পারতেন, কিন্তু এখন তাদেরকে গুগুলের কাছে জিজ্ঞাসা করতে হয়। আমার চিন্তার বিষয়টি হচ্ছে একদিন আসবে, যখন সমস্ত অনলাইন সংস্করণের অস্তিত্ব বন্ধ হয়ে যাবে। তখন আমাদের কী হবে? এটা অনেকটা এরকম যে দিয়াবল আমাদের এত অবাধে ঈশ্বরের বাক্যের মধ্যে প্রবেশ করতে দিচ্ছে যে এর ফলে আমরা এর ওপর অত্যধিক নির্ভরশীল হয়ে পড়ছি, কিন্তু এমন একটা দিন আসবে যখন অনলাইনে সমস্ত বাইবেলের সংস্করণগুলি নিষিদ্ধ হয়ে যাবে, তখন আমরা আর ঈশ্বরের বাক্য পাবো না। আসুন আমরা গভীর আবেগের সঙ্গে বাইবেলের অনুচ্ছেদ পাঠ করি, ঈশ্বরের বাক্য মুখস্থ করি এবং দিনরাত এটি ধ্যান করি যাতে এটি আমাদের হৃদয়ে লেখা থাকে।

## ৩। কী থেকে নতুন দিশা

আলো-আলো কী?

### (ক) আলো হচ্ছে উপলব্ধি

**বিষয়গুলিকে দৃষ্টির মধ্যে আনা ...ঈশ্বর জ্যোতি,তাঁর মধ্যে অন্ধকারের লেশমাত্র নেই।** ১ যোহন ১:৫। যখন আলো থাকে তখন শক্তি থাকে। স্বর্গীয় জ্যোতি থেকে আমরা আত্মিক শক্তি লাভ করি। এটি আমাদের মনকে আলোকিত করে। এটি আমাদের স্পষ্টভাবে দেখতে সাহায্য করে। এটি আমাদের স্বাধীন করে এবং যে কোনও জিনিসের সঠিক দৃষ্টিভঙ্গি দান করে। আলো প্রকাশ দান করে। বাইবেল ঈশ্বরের সত্য; এটি ঈশ্বরের জ্যোতি। **"তোমার ও তোমার সত্য আমার কাছে পাঠাও, তারা আমাকে পথ দেখাক; তারা তোমার পবিত্র পর্বতে আমাকে নিয়ে যাক, সেই স্থানে যেখানে তুমি বাস করো"** (গীত ৪৩:৩)। যদি জ্যোতি না থাকে, তাহলে সত্যও নেই, নতুন দিশাও নেই! আমাদের যদি জ্যোতির প্রয়োজন হয় তাহলে পর্বতে (ঈশ্বরের উপস্থিতির মধ্যে) যেতে হবে যেখানে ঈশ্বর বাস করেন। অন্যথা আমরা একই জায়গায় থাকবো এবং ঈশ্বরের পর্বতে যাওয়া আমাদের পক্ষে অসম্ভব হয়ে যাবে।

(ক্রমশঃ, ৯ পাতায়)


নহিমিয় বাইবেল কলেজ
সান্ধ্যকালীন / আবাসিক কলেজ

চীপক এবং সন্তোষপুরম

মাধ্যম: তামিল

ECHO OF HIS CALL 1989-2019
REACHING NATIONS

Regd. Candidate for Membership ATA NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI ★ ECHO OF HIS CALL ★ Estd. 1989

Registered Candidate for Membership
Asia Theological Association (ATA)

৫৩ বছর যাবৎ আন্তজার্তিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং বরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত

ঈশ্তত্ত্বে সার্টিফিকেট : এক বছর
ঈশ্তত্ত্বে ডিপ্লোমা : দুই বছর

শিক্ষগত যোগ্যতা: দশম শ্রেণী এবং তদুর্ধ
ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন!

Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
★ ONLINE CLASSES ARE AVAILABLE ★

## অনুগ্রহ করে আমাদের প্রধান কার্যালয়ের পরিচর্যা কাজের জন্য প্রার্থনা করুন

১। প্রার্থনা সভা : ২�৪ ঘণ্টা
২। আহ্বানের প্রতিধ্বনি - মাসিক পত্রিকা: (১৬টি ভাষায় প্রকাশিত)
৩। বাইবেলকোর - ডাকযোগে বাইবেল শিক্ষার পাঠক্রম: ইংরাজী, তামিল এবং হিন্দি
৪। নহিমিয় বাইবেল কলেজ (দুটি কেন্দ্র)
৫। ডাকযোগে ঐশ্তাত্ত্বিক পাঠক্রম (ইংরাজী এবং তামিল মাধ্যম)
৬। মহান আদেশ অংশীদারগণ (পালকদের নেট ওয়ার্ক)
৭। প্রশিক্ষণ কর্মসূচীসমূহ
৮। ক্রুশেডসমূহ
৯। সুসমাচার সাহিত্য বণ্টন এবং ফলো আপ্
১০। গস্পেল প্রিন্টিং প্রেস - প্রকাশনাসমূহ
১১। সেণ্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুল - গ্রাম্য উচ্চ বিদ্যালয় (ইংরাজী মাধ্যম)
১২। রবিবাসরীয় স্কুল : রবিবার সকাল ৮.০০ এবং ১০টা (প্রতি রবিবার)
১৩। তামিল উপাসনাসমূহ : রবিবার সকাল ৫টা, ৭টা এবং ১০টা

| | |
|---|---|
| ১৪। তেলুগু উপাসনা | : রবিবার বিকাল ৫টা |
| ১৫। হিন্দি উপাসনা | : রবিবার বিকাল ৪টা |
| ১৬। ইংরাজী এবং তামিল উপাসনা | : রবিবার সন্ধ্যা ৬টা |
| ১৭। পালকদের পরামর্শদান | : রবিবার বিকাল ৪টে |
| ১৮। মহিলাদের প্রার্থনাসভা | : বুধবার বিকাল ৫.৩০ মিনিট |
| ১৯। মধ্য-সাপ্তাহিক আরাধনা সভা | : বুধবার বিকাল ৬.৩০ মিনিট |
| ২০। পুরুষদের প্রার্থনা | : শুক্রবার সন্ধ্যা ৭ মিনিট |
| ২১। শিষ্যত্বের সভা | : শনিবার সন্ধ্যা ৬টা |
| ২২। গৃহ সভাগুলি | : মঙ্গল এবং বৃহস্পতি, সন্ধ্যা ৬.৩০ মিনি |
| ২৩। বিশেষ পবিত্র প্রভুর ভোজ | : প্রতি মাসের ১ম দিন সকাল ৬টা |
| ২৪। পরিচর্যাকারীদের পর্যালোচনা সভা | : ১ম শনিবার বিকাল ৫.৩০ মিনিট |
| ২৫। পিতা ও মাতাদের প্রার্থনা | : প্রথম রবিবার, বিকাল ৪টে |
| ২৬। নৈশ প্রার্থনা | : দ্বিতীয় শুক্রবার রাত ৯.৩০ মিনিট |
| ২৭। উপবাস প্রার্থনা | : তৃতীয় শনিবার সকাল ৯.৩০ মিনিট |
| ২৮। পবিত্র প্রভুর ভোজ | : দ্বিতীয় রবিবারের উপাসনাসভা |
| 29. Youth / Kid Prayer | : 10.00 p.m. daily |
| ৩০। কর্মীদের অনুধ্যান | : প্রতিদিন সকাল ৯ টা |
| ৩১। অফিস | : প্রতিদিন সকাল ৯ টা থেকে রাত ৯টা (রবিবার ছাড়া) |

## কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

### ১। বাইবেলকোর

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্ব্বাদ পাবেন।

### ২। ডাক মারফত ঈশ্তাত্ত্বিক পাঠক্রম

থিওলজিকাল করেসপণ্ডেন্স কোর্স নামে অভিহিত অ্যাডভান্স্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্ব্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

# WANTED

1. Office Staff with Computer Knowledge
2. Security, House Keeping & Cooks

**Echo of His Call,**
Chepauk, Chennai - 05.
Telephone Numbers :
**044 -2852 8282, 2852 9293, 2854 7766, +91 97908 05460**

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| Account Name | : ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST |
| Account Number | : 1023 2923 805 |
| Bank Name | : STATE BANK OF INDIA |
| Branch | : TRIPLICANE, CHENNAI - 600 005 |
| IFSC Code | : SBIN 0000249 |
| SWIFT Code | : SBI NIN BB 455 |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## ঈশ্বরের অনুগ্রহ
## GRACE OF GOD!

এটি ছিল একটি অতি মনোরম সকাল! ঐ দিন রবিবার সকালে, আমার ঠাকুমা, ঠাকুরদা, মা, বাবা এবং সমস্ত শিশুরা ভালো পোশাক পরিধান করেছিলাম এবং দক্ষিণ ভারতের নেল্লারাইকোনাম নামক একটি ছোট গ্রামের মণ্ডলীতে পায়ে হেঁটে আনন্দের সঙ্গে যাচ্ছিলাম। সেই সময় আমার ১২ বছর বয়েস এবং আমি সবাইকে দেখছিলাম। তাদের প্রত্যেকের কিছু মর্যাদাপূর্ণ শিক্ষগত যোগ্যতা ছিল। আমি অনুভব করেছিলাম যে আমার মধ্যে উল্লেখযোগ্য কোনও যোগ্যতাই ছিল না। আমি চার্চে প্রভু যীশু খ্রীষ্টের আরাধনা করছিলাম। সেই সময় আমার মধ্যে একটা বড় প্রশ্নের উদয় হয়েছিল। প্রভু যীশু খ্রীষ্ট তাঁর সমস্ত স্বর্গীয় " যোগ্যতা" ত্যাগ করেছিলেন এবং সমস্ত মানবজাতিকে এই মহান নতুন জীবন দান করার জন্য তিনি এই জগতে এসেছিলেন। আমি নিজেকে জিজ্ঞাসা করেছিলাম, "তাহলে আমি কেন আমার পাস্টরের মতো ঈশ্বরের দাস হতে পারবো না?" সেদিন চার্চে প্রভু যীশু খ্রীষ্ট স্পষ্টভাবে আমার সঙ্গে কথা বলেছিলেন।

ঐ দিন, পাস্টর শমূয়েল ভাববাদী সম্পর্কে আলোচনা করেছিলেন। তিনি ১ শমূয়েল ৩ অধ্যায়ের উল্লেখ করেছিলেন।

১ শমূয়েল ৩: ১-৪ পদে, আমরা পাঠ করি যে এই দিনগুলিতে সদাপ্রভুর বাক্য বিরল ছিল এবং দর্শণও খুব একটা দেখতে পাওয়া যেতো না। এই ধরণের একটা সময়ে, শমূয়েল সমাগম তাম্বুতে যাজক এলির পরিচর্যা করেছিলেন এবং একদিন রাতের বেলায় তিনি ঘুমাতে গিয়েছিলেন। সেই সময়, ঈশ্বর শমূয়েলকে ডেকেছিলেন। আমার পাস্টর এই ঘটনাটির বিষয় প্রচার করছিলেন এবং ঈশ্বর কীভাবে বালক শমূয়েলকে ইস্রায়েলের একজন বিচারকর্তা এবং একজন মহান ভাববাদীতে পরিণত করার জন্য তুলে ধরেছিলেন সেই সত্যটি তিনি বুঝিয়ে দিয়েছিলেন।

এই কথাগুলো আমার কাছে খুব গুরুত্বপূর্ণ ছিল এবং এই কথাগুলি আমার অক্ষদণ্ডে পরিণত হয়েছিল যাকে ঘিরে আমার জীবন কাজ করছিল।

১। আমি আমার চার্চকে এবং চার্চের লোকদের ভালোবেসেছিলাম। আমি প্রতি শনিবার চার্চে যেতে শুরু করেছিলাম এবং স্থানটি পরিষ্কার করতাম এবং চেয়ার এবং বেঞ্চগুলোর ধূলো মুছতাম। আমি গীর্জঘরের প্রাঙ্গনটিও পরিষ্কার করার বিষয়ে আগ্রহী হয়েছিলাম। আমি ড্রাম, টাম্বোরীন এবং হারমোনিয়ামের মতো বাদ্যযন্ত্রগুলিকে যথাস্থানে রাখতাম। পরে, আমি "গুড নিউজ প্রেয়ার ব্যাণ্ড" নাম দিয়ে একটি উপ-পরিচর্যা সংক্রান্ত দল গড়ে তুলেছিলাম এবং চার্চের ব্যবস্থাপনা এবং পরিচর্যাগুলির মধ্যে আমাদের চার্চকে সাহায্য করতে শুরু করেছিলাম।

**"তিনি ধুলো থেকে দরিদ্রকে উত্তোলন করেন আর ভস্মস্তূপের মধ্য থেকে অভাবীকে তোলেন; তাদের তিনি রাজধিরাজদের সাথে বসিয়ে দেন, আর তাদের সম্মানের রাজাসনে বসিয়ে দেন...। " – (১ শমূয়েল ২:৮)**

২। আমি শারীরিক ভাবেও আমার পাস্টরদের সাহায্য করতাম। আমি তাদের ব্যাগগুলো বহন করতাম, তাদের জুতোগুলো পরিষ্কার করে দিতাম এবং তাদের জন্য ঘর থেকে প্রাতঃরাশ, মধ্যাহ্নভোজ এবং নৈশভোজ নিয়ে যেতাম এবং তাদের পরিবেশন করতাম। এইভাবে, আমি আমার পালকদের এবং অন্যান্য ঈশ্বরের দাসদের সেবা করেছিলাম।

৩। আমি আমার চার্চের সদস্যদের সঙ্গেও ভালো ব্যবহার করতাম। আমি তাদের সকলের কাছে ভালো ব্রাদার ছিলাম এবং আমি তাদের প্রত্যেক দিক থেকে সাহায্য করেছিলাম।

আমার মধ্যে ভালো সেবা করার স্বভাব থাকলেও, আমার মধ্যে কথা বলার দান ছিল না এবং আমি সব কিছু ভুলে যেতাম। আমি উচ্চশিক্ষিত ছিলাম না এবং আমি জানতাম যে আমার বন্ধুদের তুলনায় আমরা প্রতিভা এবং অনুগ্রহ দানগুলি কম ছিল।

আমার বয়েসের বন্ধুরা সুপ্রতিষ্ঠিত কলেজগুলিতে বিশেষ প্রশিক্ষণের জন্য গিয়েছিল,তারা বিভিন্ন ভাষা শিখেছিল, 'ক্যারাটে' প্রশিক্ষণ গ্রহণ করার দ্বারা তারা বিশেষ দক্ষতা লাভ করেছিল এবং তাদের জ্ঞান বৃদ্ধি করার জন্য বিভিন্ন প্রতিষ্ঠানগুলিতে গিয়েছিল। কিন্তু ঈশ্বর আমাকে চার্চে এবং ঈশ্বরের দাসদের সেবা করার সামর্থ দিয়েছিলেন।

সদাপ্রভু ঈশ্বর যেভাবে শমূয়েলকে তুলেছিলেন ঠিক সেইভাবে তিনি আমাকে একেবারে নিম্নস্তর থেকে তুলেছিলেন। ২৩ বছর যাবৎ দায়িত্বপূর্ণ এবং বিশ্বস্ত সরকারী দাস কর্মী হিসাবে ঈশ্বরের সক্ষমতাদানকারী উপস্থিতি সর্বদা আমার সহবর্তী ছিল। সরকারী পরিষেবার ক্ষেত্রে আমার কাজের প্রশংসা হিসাবে আমাকে ঈশ্বরের পরিচর্যা কাজ করার জন্য বিশেষ অনুমোদন দেওয়ার বিষয়টি থেকে এটি প্রমাণিত হয়েছিল।

ঈশ্বর আমাকে উভয় প্রকারের কাজ কার্যকরীভাবে করার অনুমোদন দিয়েছিলেন এবং আমি এই বিষয়টিকে মহা আশ্চর্য কাজ বলে বিবেচনা করেছিলাম?

শমূয়েল চার্চকে ভালোবেসেছিলেন এবং এই বিষয়টিকে তিনি ঈশ্বরের লোকেরা সেবা করার সুযোগ হিসাবে বিবেচনা করেছিলেন। সুতরাং, ঈশ্বর তাঁকে আধ্যাত্মিক জগতে এক মহান ভাববাদী হিসাবে এবং ইস্রায়েল দেশের এক মহান বিচারক হিসাবে গড়ে তুলেছিলেন।

আপনি যদি আপনার চার্চকে এবং আপনার পাস্টরদের সেবা করেন তাহলে আপনি নিশ্চিতভাবে এক মহান উচ্চতায় পৌঁছাতে পারবেন।

************

(ক্রমশঃ ৩ পৃষ্ঠায়)

## (খ) আলো হচ্ছে রূপান্তরণ!

নতুন দিশা-এর অর্থ হচ্ছে যীশু খ্রীষ্টে রূপান্তরণ সুপ্রাপ্য। আলোর একটি ঝলকানি শৌলকে পৌলে পরিবর্তিত করেছিল। আলো হচ্ছে ঈশ্বরের সুসমাচার, যিনি বলেছিলেন, "অন্ধকারের মধ্যে থেকে জ্যোতি উদ্ভাসিত হোক," তিনি তাঁর জ্যোতি আমাদের হৃদয়ে উদ্দীপিত করলেন, যেন খ্রীষ্টের মুখমণ্ডলে বিরাজিত ঈশ্বরের যে মহিমা, তার জ্ঞানের আলো আমাদের প্রদান করেন। ২ করিন্থীয় ৪:৬। **"আর আমরা সকলে, যারা অনাবৃত মুখমণ্ডলে প্রভুর মহিমা দর্পণের মতো প্রতিফলিত করছি, আমরা তাঁরই প্রতিমূর্তিতে সততবর্ধনশীল মহিমায় রূপান্তরিত হচ্ছি, যে মহিমা প্রভু, যিনি আত্মা, তাঁর কাছ থেকে আসে।** (২ করিন্থীয় ৩:১৮)। ঈশ্বরের বাক্যের তথ্য যে কোনও লোককে রূপান্তিরিত করতে পারে।

আলো হচ্ছে রূপান্তরিত করণের শক্তি। সুমাচারের প্রকাশ আলো আনে। কেন আমরা মণ্ডলীতে প্রচার করি। কেন আমরা এক ঘণ্টা ধরে বসে বসে শুনি? এটি তথ্য নয়। এটি কোনও মাথার জ্ঞান নয়। এটি আমাদের রূপান্তরিত করে। নতুন দিশা খ্রীষ্টের স্বরূপতায় পরিণত হয়। আসুন আমরা রূপান্তরিত হই।

আমি আন্তরিকভাবে প্রার্থনা করি যে নতুনদিশা দেখানোর জন্য ঈশ্বর আসবেন এবং আমাদের সাহায্য করবেন। আসুন আমরা আমাদের নতুন দিশা লাভ করি। নতুন দিনের শুরুর এক মহা শক্তি আছে। যীশু ভোর বেলায় মৃত্যুকে ভেঙেছিলেন। তিনি কবর থেকে বেরিয়ে এসেছিলেন। জ্যোতির ঈশ্বর ভোর বেলায় বেরিয়ে আসার বিষয়টি বেছে নিয়েছিলেন। এটি শক্তিশালী সত্য।

এই নতুন ভোরের উপর আমাদের নতুন নিয়মের ভিত্তি। আমাদের পুনরুত্থানের গল্পটি ভোরবেলায় ঘটেছিল। ভোরের বেলায় ঈশ্বরের প্রত্যেকটি প্রতিজ্ঞা হাঁ অথবা আমেন হয়। **"আবার খ্রীষ্ট যদি উত্থাপিত না হয়েছেন, আমাদের প্রচার করা ও তোমাদের বিশ্বাস করা, সব অর্থহীন হয়েছে"** (১ করিন্থীয় ১৫:১৪)। ভোরের বেলার শক্তি আছে। এটি হচ্ছে ভোর হওয়ার বছর।

অবশেষে আসুন আমরা যাকোবের বিষয়টি নিয়ে আলোচনা করি:

..প্রথমে, বাইবেলে বলা হয়েছে ভোর না হওয়া পর্যন্ত যাকোব ঈশ্বরের সঙ্গে মল্লযুদ্ধ করেছিলেন এবং কেবল তখনই তিনি নতুন দিশা লাভ করেছিলেন।

**অতএব যাকোব একাই থেকে গেলেন, এবং একজন লোক ভোর হয়ে ওঠা পর্যন্ত তাঁর সঙ্গে কুস্তি লড়লেন। যখন সেই লোকটি দেখলেন যে তিনি তাঁকে হারাতে পারছেন না, তখন তিনি যাকোবের উরুর কোটর স্পর্শ করলেন যেন সেই লোকটির সঙ্গে কুস্তি করতে করতে তাঁর উরু মচকে যায়। পরে সেই লোকটি বললেন, "আমাকে যেতে দাও, কারণ ভোর হয়ে আসছে।"** (আদি ৩২:২৪-২৬)।

সেখানেই সমগ্র ইস্রায়েল জাতির জন্ম হয়েছিল। ভোরবেলা খুবই শক্তিশালী। আপনি যা কিছু বিষয়ে প্রার্থনা করছেন সেই সব বিষয়ে যতক্ষণ না আপনি উত্তর পাবেন ততক্ষণ প্রার্থনা চালিয়ে যান;থামবেন না! প্রার্থনা চালিয়ে যান এবং যাকোবের মতো মল্লযুদ্ধ করতে থাকুন এবং ভোরবেলায় আপনি আপনার নতুন দিশা লাভ করতে পারবেন।

দ্বিতীয়তঃ, যাকোব ভীত হয়েছিলেন যে তার দাদা তাকে আক্রমণ করতে পারেন এবং তিনি এযৌর কাছে শান্তির নৈবেদ্য পাঠিয়েছিলেন, তিনি মনে করেছিলেন এর ফলে তার ক্রোধ শান্ত হবে। কিন্তু প্রকৃতপক্ষে যা ঘটেছিল, তা হল ঈশ্বর কোনও সমস্যা ছাড়াই দুই ভাইয়ের মধ্যে শান্তি স্থাপন করতে এবং পুনরায় মিলিত হতে সক্ষম করেছিলেন। যাইহোক, ঈশ্বর যাকোবের পশ্চাতে আঘাত করার দ্বারা তাকে আক্রমণ করেছিলেন। এই সাক্ষাতের পর, তার চলা রূপান্তরিত হয়েছিল। ঈশ্বরকে আপনার জীবনে কাজ করতে দিন, তিনি যখন কাজ করবেন, আমাদের চলা রূপান্তরিত হবে। আমরা আর কখনও এক থাকবো না। মনে রাখবেন এই নতুন দিশা লাভ করার পর একটা নতুন জাতি গড়ে উঠেছিল এবং আপনার নতুন দিশা লাভ করার পর আপনার জন্য একটি সুসময় আসবে!

আমি বিশ্বাস করি যে একটা বড় পদক্ষেপ হতে যাচ্ছে। একটা বড় পরিবর্তন। এমন একটি সুসময় আসবে যখন আপনার অনেক কিছু পুনরুদ্ধার হবে, অন্ধকারের উপাদানগুলি সহ যা কিছু আপনার দখলীকৃত হয়েছিল তা আপনি পুনরায় ফিরে পাবেন। নতুন দিনের শুরুতে , কিছু একটির সূচনা হবে। একটি নতুন অধ্যায়, একটি নতুন দিশার একটি সুসময়। ব্যক্তিগতভাবে, পারিবারিকভাবে, মণ্ডলীগতভাবে, জাতিগতভাবে আপনি সেই সুসময় দেখতে পাবেন। কিছু একটা নতুন ঘটতে চলেছে।

কিন্তু আমাদের ভাঙা প্রয়োজন। আমরা যদি না ভাঙি তাহলে আমরা প্রবেশ করতে পারবো না। ঠিক যেভাবে মা মুরগী ডিমে তা দেয়, সঠিক সময়, উপযুক্ত তাপমাত্রায়, ডিম ফেটে যায় এবং ডিমের মধ্যে থেকে জীবন বেরিয়ে আসে। আমরা যদি কীভাবে ভাঙতে হয় তা না জানি তাহলে আমরা জন্ম দিতে পারি না। ভোর হওয়ার সঙ্গে সঙ্গে আলো হয়, কিন্তু সেই আলোকে বিদ্ধ করতে হবে। যখন এটি নতুন দিশায় ভাঙবে, তখন একটি প্রবেশদ্বার, আলোর একটি নতুন মরশুম আসবে।

আমাদের সকলের জন্য যেন একটি নতুন দিশা আবিষ্কৃত হয়। কারণ ভোরের বেলায় ঈশ্বর আমাদের সাহায্য করবেন। আপনি আন্দোলিত হবেন না, ঈশ্বর কেন্দ্রে আছে। এই আশ্বাসহ, আসুন আমরা সামনে অগ্রসর হই!

ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুন!

************


**ST. PAUL'S MATRICULATION SCHOOL,**
**Medavakkam, Chennai - 100. (Christian Management)**

1. English Teachers for K.G., Primary, Middle & Secondary School
2. Hindi Teachers for Primary & Higher Classes
3. Physical Education Teacher
4. Security & House Keeping Staff

Free Accommodation available.

Also Office Staff (with Computer Knowledge) for our Head Office at Chepauk, Chennai – 5.

Apply to : **sam@echoofhiscall.org**

Phone No: **+91 97908 05460, 044-2852 8282**

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/21-23 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/21-23

## গীতসংহিতা ১২১: ৭-৮

সদাপ্রভু তোমাকে সকল অমঙ্গল থেকে রক্ষা করবেন; আর তিনি তোমার প্রাণরক্ষা করবেন;তোমার যাওয়া আসার পথে সদাপ্রভু তোমাকে রক্ষা করবেন এখন থেকে চিরকাল পর্যন্ত।

## OUR BANK DETAILS:

### 1. Bank : State Bank of India

Branch : Triplicane, Chennai-5
Name : S. Sam Selva Raj
A/C No. : 1023 2934 679
IFSC : SBIN 00 00 249
SWIFT CODE : SBI NIN BB 455

### 2. Bank : ICICI Bank

Branch : Anna Salai, Chennai-6
Name : Echo of His Call
A/C No. : 6038 0502 2319
IFSC : ICIC 000 6038

### 3. Bank : State Bank of India

(This Account is for Tax Exemption for Indians only )

Branch : Triplicane, Chennai-5
Name : Echo of His Call Educational Trust
A/C No. : 1023 2923 805
IFSC : SBIN 00 00 249

Google Pay: 98410 71858
PayPal : SAM SELVA RAJ
*****
E.mail : sam@echoofhiscall.org

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/21-23
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/21-23
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS / 1 Patrika Channel"
on 15th MA 2023

If un-delivered please return to:
**ECHO OF HIS CALL (BENGALI)**
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

*JESUS LOVES YOU!*

To

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**